প্রার্থী 'নাপসন্দ'

বহরমপুরে নির্দল প্রতীকে লড়ার ইঙ্গিত হুমায়ুন কবীরের

নিজস্ব প্রতিবেদন, মুর্শিদাবাদ: লোকসভা ভোটের আগে ফের বেসুরো ভরতপুরের তৃণমূল বিধায়ক হুমায়ুন কবীর। বহরমপুর লোকসভায় তৃণমূলের প্রার্থী 'নাপসন্দ' বরাবরের বিদ্রোহী বিধায়কের। এক ভিডিও বার্তায় নিজের আক্ষেপ প্রকাশ করে বহরমপুর লোকসভা কেন্দ্রে নির্দল প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করার ইঙ্গিতও দিয়েছেন। সেই ভিডিও ভাইরাল হতেই শাসকদলের অন্দরে অস্বস্তি বেড়েছে। যদিও ভিডিওর সত্যতা যাচাই করেনি 'একদিন' পত্রিকা।

হুমায়ুন কবীর বলেন, 'বহরমপুর লোকসভার সাতটি বিধানসভা রয়েছে। বহরমপুর বিজেপির। বড়ঞার বিধায়ক জেলে রয়েছেন। বাকি আমাদের পাঁচজনকে অন্ধকারে রেখে প্রার্থী নির্বাচিত করা হয়েছে।

রাজ্যের বাইরে থেকে প্রার্থী আনার দরকার হল কেন?' বহরমপুর লোকসভা কেন্দ্রে এবার ঘাসফুল প্রতীকে লড়ছেন বিশ্বকাপ জয়ী দলের ক্রিকেটার ইউসুফ পাঠান। বিগ্রেডের জনগর্জন সভা থেকে ঘোষণা হতেই তৃণমূলের অন্দরে ছন্দপতন হয়েছে বলে খবর। অনেকেই ভিতরে ভিতরে গজগজ করলেও সোজা হাতে ব্যাট চালিয়েছেন ভরতপুরের বিতর্কিত বিধায়ক হুমায়ুন কবীর।

এর আগেও খোদ তৃণমূল সুপ্রিমো থেকে শুরু করে সদ্য কালীঘাটের বৈঠকের পর অভিষেক বন্দ্যোপাধ্যায়েরর বিরুদ্ধেও তাঁকে মুখ খুলতে দেখা গিয়েছে। এবার প্রার্থী নিয়েই সোমবার এক ভিডিও বার্তায় অসন্তোষ প্রকাশ করেছেন। বলেন, 'অধীর চৌধুরী দূরদর্শী, দক্ষ সংগঠক। পাঁচ বারের সাংসদ। ইউসুফ ভালো ক্রিকেটার। কিন্তু বাইরে থেকে গায়ক (ইন্দ্রনীল সেন) বা খেলোয়াড়কে (ইউসুফ পাঠান) এনে অধীরকে হারানো যাবে না।'

হুমায়ুন কবীরের দাবি, 'আমি, নিয়ামত শেখ, অপূর্ব সরকার বা রবিউল আলম চৌধুরী কে প্রার্থী হবে জানতাম না। আমাদের অন্ধকারে রাখা হয়েছিল। প্রার্থীর জন্য ভোটে লড়াই করব আমরা। অথচ আমাদের সঙ্গে আলোচনা না করেই দল সিদ্ধান্ত নিয়েছে।' পঞ্চায়েত নির্বাচনের সময়ও বেঁকে বসেছিলেন হুমায়ুন কবীর। তখন জানিয়েছিলেন, 'দলে থেকে গুরুত্ব পাচ্ছি না। লোকসভা ভোটে আলাদা দল করে লড়ব।' আলাদা দল বা করলেও এবার নির্দল প্রার্থী হয়েই লড়ার ইঙ্গিত দিয়েছেন হুমায়ুন কবীর। বলেন, 'এখনও বহু কিছু পরিবর্তনের সময় আছে। রাজনীতিতে কোনও কিছুই স্থায়ী নয়। রাজনীতিতে শেষ কথা বলে কিছু হয় না। সম্ভাবনাময় শিল্পের নাম রাজনীতি। এখন নির্বাচন ঘোষণা হয়নি। সময় আসুক আমার সিদ্ধান্ত জানাব।'

জাতীয় সড়কে ভয়াবহ দুর্ঘটনায় দু'বছরের শিশু সহ ৭ জনের মৃত্যু

নিজস্ব প্রতিবেদন, বর্ধমান: ভয়াবহ পথ দুর্ঘটনায় মৃত্যু হল ৭ জনের। মঙ্গলবার হুগলির গুড়াপের কাংসারিপুরের কাছে জাতীয় সড়কে ডাম্পারের সঙ্গে টোটোর ধাক্কায় টোটোতে থাকা দু বছরের এক শিশু সহ মোট ৭ জনের মৃত্যু হয়। এঁদের মধ্যে টোটো চালককে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়। চিকিৎসা চলাকালীন দুপুরে মৃত্যু হয় টোটো চালকের।

জানা গিয়েছে, মঙ্গলবার সকালে রাস্তার একদিক থেকে আর এক দিকে জাতীয় সড়ক পারাপার করার সময় বর্ধমানমুখী একটি ডাম্পার নিয়ন্ত্রণ হারিয়ে ধাক্কা মারে টোটোতে। ঘটনাস্থলেই মৃত্যু হয় ৬ জন যাত্রীর। দুর্ঘটনার পরই এলাকায় ব্যাপক উত্তেজনার সৃষ্টি হয়। থমকে যায় জাতীয় সড়কে যান চলাচল। পরে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। আটক করা হয়েছে ঘাতক ডাম্পারটিকে।

বর্ধমান মেডিক্যাল কলেজ সূত্রে জানা গিয়েছে, মৃতরা হলেন বিহান বেরা (২), বিদ্যুৎ বেরা (২৯), প্রীতি বেরা (২২), বাড়ি দাদপুর থানার বক্কেশর এলাকায়। সৃজা ভট্টাচার্য (২০), বাড়ি হুগলির ভাসতারা এলাকায়। রামপ্রসাদ দাস (৬২) ও নূপুর দাস (৫০), বাড়ি পাণ্ডুয়ার রামেশ্বরপুর ও টোটোচালক সৌমেন ঘোষ (২৩), বাড়ি গুরাপ থানার ভোতর এলাকায়। বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে উপস্থিত হন বর্ধমান থানার আইসি দিব্যেন্দু দাস সহ অন্যান্য পুলিশ আধিকারিকরা।

এমডিও প্রজেক্ট উদ্বোধন না করেই ফিরলেন সিএমডি, মঞ্চে শ্রমিকরা

নিজস্ব প্রতিবেদন, পাণ্ডবেশ্বর: আজ অর্থাৎ মঙ্গলবার বাঁকোলা এরিয়ার তিলাবনী কোলিয়ারির এমডিও প্রজেক্টের উদ্বোধন করার কথা ইসিএলের সিএমডি সমীরণ দত্তর। এমডিও প্রজেক্ট চত্ত্বরে শ্রমিক সংগঠন সিটু, আইএনটিইউসি ও এআইসিসিটিইউর নেতা কর্মীরা প্রতিবাদ বিক্ষোভ করছেন এবং দখল নিয়েছেন প্রজেক্টের উদ্বোধনের জন্য তৈরি হওয়া মঞ্চ, এই খবর পেয়েই প্রজেক্টের উদ্বোধন না করেন ফিরে গেলেন ইসিএলের সিএমডি সমীরণ দত্ত। এভাবে প্রজেক্টের উদ্বোধন না করেই সিএমডির ফিরে যাওয়াকে শ্রমিক সংগঠনের প্রাথমিক জয় বলে মনে করছেন রাজনৈতিক মহলের একাংশ।

যদিও প্রায় ৩০ মিনিট মঞ্চ দখল করে শ্রমিক সংগঠনের লোকেরা ৩০ মিনিট পর মঞ্চ ছেড়ে দেয় শ্রমিক সংগঠনের নেতৃত্ব। উল্লেখ্য, পাণ্ডবেশ্বর বিধানসভার ইসিএলের বাঁকোলা এরিয়ার তিলাবনী কোলিয়ারিতে বেসরকারি সংস্থাকে বরাত দেওয়া হয়েছে এমডিও মাইন ডেভেলপার অ্যান্ড অপারেটর) পদ্ধতিতে আধুনিক ভাবে খনির নীচ থেকে কয়লা উত্তোলনের। সেই এমডিও প্রজেক্টের কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে, যদিও কয়লা উত্তোলন এখনও শুরু হয়নি।

এদিন ইসিএলের সিএমডি আসছেন এই এলাকায় এই বার্তা পৌঁছতেই মঙ্গলবার সকাল থেকেই প্রতিবাদ সভা করে শ্রমিক সংঘটন সিটু, আইএনটিইউসি ও এআইসিসিটিইউ-র লোকেরা। এদিনের প্রতিবাদ বিক্ষোভ কর্মসূচিতে এসে সিটুর জেলা সম্পাদক বংশগোপাল চৌধুরী বলেন, 'এমডিএ-র নামে কোলিয়ারিগুলিকে বেসরকারিকরণ করার চক্রান্ত করছে কেন্দ্রের মোদি সরকার। কেন্দ্রের এই নীতির প্রতিবাদে এদিনের এই আন্দোলন।' বংশবাবু আরও বলেন,' যদি এই আন্দোলনের ফলে এমডিও - র কাজ বন্ধ না করে ইসিএল, তা হলে আগামী দিনে এই আন্দোলনের গতি রোখার ক্ষমতা ইসিএলের থাকবে না। এদিনের পর আগামী ১৯ তারিখ এই এরিয়ার সমস্ত শ্রমিক সংগঠনের লোকেরা আলোচনায় বসে ঠিক করবেন আগামী দিনের আন্দোলনের রূপরেখা।'

এই প্রতিবাদ বিক্ষোভ কর্মসূচিতে উপস্থিত ছিলেন সিটুর জেলা সম্পাদক বংশগোপাল চৌধুরী, আইএনটিইউসি নেতা কৃষ্ণ রায় (বাকোলা এরিয়া), সিটুর সিএমএমআই গৌরাঙ্গ চট্টোপাধ্যায় (অর্গানাইজিং সেক্রেটারি), এআইসিসিটিইউর রাজ্য কমিটির সদস্য সোমনাথ চট্টোপাধ্যায়, কোলিয়ারির শ্রমিক সংগঠনগুলির দাবি, ইসিএলের বাঁকোলা এরিয়া কর্তৃপক্ষ কোলিয়ারির স্থায়ী শ্রমিকদের সবসময় বদলির ভয় দেখাচ্ছে।

ডায়মন্ড হারবারে হুগলি নদীর বাঁধ দৃঢ় ও স্থায়ীকরণ কাজের ভার্চুয়াল উদ্বোধন মমতার

নিজস্ব প্রতিবেদন, ডায়মন্ড হারবার: ভোটের আগেই চমক, রাজ্য সরকারের উদ্যোগে ডায়মন্ড হারবারে হুগলি নদীর বাঁধ দৃঢ়করণ ও স্থায়ীকরণের কাজ শুরু হল। মঙ্গলবার ভার্চুয়ালি সেই কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

ডায়মন্ড হারবার-২ ব্লকের নুরপুরের শ্রীফলবেড়িয়া এলাকার শান্তিধাম থেকে হাটখোলা পর্যন্ত প্রায় ৯০০ মিটার স্থায়ী নদীবাঁধ গড়ে তোলা হবে। যার ফলে উপকৃত হবেন নদী তীরবর্তী গ্রামগুলির বাসিন্দারা। ইতিমধ্যেই এই কাজের জন্য রাজ্য সরকারের সেচ ও জলপথ দপ্তরের পক্ষ থেকে প্রায় ৭ কোটি ২৩ লক্ষেরও বেশি টাকা বরাদ্দ করা হয়েছে। আগামী কয়েক মাসের মধ্যে এই কাজ শেষ হবে বলে প্রশাসন সূত্রে খবর। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক পান্নালাল হালদার, বিডিও সুকান্ত অধিকারী, পঞ্চায়েত সমিতির সভাপতি লায়লা বিবি, পূর্তের কর্মাধ্যক্ষ অভিষেক বন্দ্যোপাধ্যায়, সেচ দপ্তরের মহকুমা অধিকারিক অভিনব মজুমদার প্রমুখ।

রণডিহা ড্যামে শুটিংয়ে দেব ও যীশুকে দেখতে ভক্তদের ভিড়

নিজস্ব প্রতিবেদন, বুদবুদ: মঙ্গলবার সকালে বুদবুদের রণডিহা ড্যামে শুটিং করতে আসেন অভিনেতা দেব ও যীশু সেনগুপ্ত। দেব আসার খবর ছড়িয়ে পড়তেই আট থেকে আশি সকলেই ড্যামের কাছে ভিড় জমাতে শুরু করেন। অণ্ডালের পরে বুদবুদের রণডিহা ড্যামে দেবের নতুন বাংলা ছবি 'খাদান' এর শুটিং করতে মঙ্গলবার সকালে আসেন দেব ও যীশু।

সকাল থেকেই রণডিহা ড্যামের সামনে দামোদর নদের মাঝে বালির ওপর শুরু হয় শুটিং। এদিন শুটিংয়ের মাঝে দুপুর ১টায় বিরতি নিয়ে শুটিংস্থল ছাড়েন দেব। সকাল থেকেই দেবকে দেখতে হাজার হাজার মানুষের ভিড় জমে যায় দামোদর নদের পাড়ে। একবার সকলের প্রিয় অভিনেতা দেবকে কাছ থেকে দেখার জন্য সকাল থেকেই অপেক্ষা করতে থাকেন দেবের ভক্তরা। তবে এদিন ভক্তদের নিরাশ করেননি দেব।

গাড়িতে ওঠার আগে পায়ে হেঁটে তিনি নদের পাড়ে তাঁর ভক্তদের কাছে গিয়ে হাত দেখিয়ে ভক্তদের ডাকে সাড়া দেন। এদিন দেব ও যীশুকে দেখতে বাঁকুড়া ও বর্ধমান দুই জেলার হাজার হাজার মানুষ নদের পাড়ে ভিড় জমিয়েছিলেন। তাঁরা দেবকে কাছ থেকে দেখে উচ্ছ্বসিত হয়ে ওঠেন।

এল অ্যাণ্ড টি ফিন্যান্স হোল্ডিংস লিমিটেড
(ডিসেম্বর ৪ঠা 2023 থেকে কার্যকর, এল অ্যাণ্ড টি ফিন্যান্স হোল্ডিংস লিমিটেডের সঙ্গে অভিনিবেশ দ্বারা একত্র হওয়ার পন্থার দ্বারা দ্য স্কীম অফ অ্যামালগামেশন অধীনে পূর্বেকার, এল অ্যাণ্ড টি ফিন্যান্স লিমিটেড)
পঞ্জীকৃত কার্যালয় : এল অ্যাণ্ড টি ফিন্যান্স হোল্ডিংস লিমিটেড, বৃন্দাবন বিল্ডিং, প্লট নং 177, কালিনা, সিএসটি রোড, মার্সিডিজ শোরুমের নিকটে, সান্তাক্রুজ (পূর্ব), মুম্বই 400 098
CIN No.: L67120MH2008PLC181833
শাখা কার্যালয় : কোলকাতা

L&T Finance

বন্ধকী সম্পত্তির বিক্রীর জন্যে পাবলিক অকশন

সিকিউরিটিজাইসেশন অ্যাণ্ড রিকনষ্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যাণ্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেষ্ট আইন, 2002 [54 অফ 2002] এবং কথিত আইনের প্রদত্ত ক্ষমতা প্রয়োগে ইহার বকেয়া, উপরন্তু সুদ, মাসুল ও খরচ ইত্যাদি পুনরুদ্ধারের জন্যে ''**পাবলিক অকশন**'' পন্থার দ্বারা ''**যেখানে যেমন ভিত্তিতে**'' এবং ''**যেখানে যেমন অবস্থায়**'' থাকার ওপর নিম্নলিখিত সম্পত্তি অকশন করা হচ্ছে।

ঋণগ্রহীতা ও সহ-ঋণগ্রহীতার নাম	সুরক্ষিত সম্পত্তির ঠিকানা	লোন অ্যাকাউন্ট নাম্বার(সমূহ)	বাস্তবিক দখল নেওয়া	বায়নার টাকা জমারাশির 10% বা RP'র অধিক (টাকায়)	09.03.2024 তারিখের হিসাবে মোট বাকি-পড়া বকেয়া	সংরক্ষিত মূল্য (টাকায়)	পরিদর্শনের তারিখ	অকশনের তারিখ ও সময়
1. মেসার্স রাধাকৃষ্ণ অটো কোচ 2. সজল সরকার 3. মিতু সরকার	সমস্ত খণ্ড ও অংশের সম্পত্তির ঠিকানা : 2 কাঠা 13 ছটাক পরিমাপের জমি নিম্নরূপে পতিত ও অবস্থিত - দত্তপুকুর মৌজায় জে.এল. নং 122, আর.এস. নং 212, সি.এস. এবং আর.এস. খতিয়ান নং 19, আর.এস. নং 1367, 440 এবং 284, এল.আর. খতিয়ান নং 1132/4, আর.এস. এবং এল.আর. দাগ নং 380, থানা বারাসাত হাল দত্তপুকুর, জেলা - 24 পরগণা (উত্তর), দত্তপুকুর 1 নং গ্রাম পঞ্চায়েতের চৌহদ্দির মধ্যেই, পশ্চিমবঙ্গ - 743248 চতুঃসীমা: পূর্ব - শ্রীযুক্ত অসীমের বাড়ী; পশ্চিম - 6 ফুট চওড়া কমন প্যাসেজ; উত্তর - সিজিআই শেড হাউসেস; দক্ষিণ - একতলা বাড়ী	KOLHL18 000573	7ই ডিসেম্বর 2023	টাঃ 2,35,983.40/-	টাঃ 26,36,625.92/-	টাঃ 23,59,834/-	12-04-2024	19-04-2024 সকাল 10টা থেকে বিকেল 5:30

পাবলিক অকশনের নিয়ম ও শর্তাবলী

1. পাবলিক ই-অকশন মোড সহায়তা ও মাধ্যমে SARFAESI আইনের বিধান অধীনে Shttps://sarfaesi.E-auctiontiger.net ওয়েবসাইট মাধ্যমে অনুমোদিত আধিকারিক দ্বারা অনলাইন ই-অকশন সেল সঞ্চালিত হচ্ছে।
2. পাবলিক ই-অকশন এরমধ্যে উপরে উল্লেখিত তারিখ ও সময়ে সঞ্চালিত হবে, যখন উপরে উল্লেখিত সুরক্ষিত সম্পদসমূহ ''**যেখানে যেমন**'' **ভিত্তিতে এবং** ''**যেখানে যেমন থাকা**'' অবস্থায় বিক্রী হবে।
3. পাবলিক ই-অকশনে অংশগ্রহণের জন্যে, আগ্রহী ক্রেতাদরদাতাদের প্যানকার্ড, কোম্পানীর ক্ষেত্রে বোর্ড রেজুলেশন্স এবং ঠিকানার প্রমাণের কপির সঙ্গে একত্রে সুরক্ষিত সম্পদের সংরক্ষিত মূল্যের ফেরৎযোগ্য বায়নার টাকা জমারাশির 10% পেমেন্টের বিশদ বিবরণ 18/04/2024 তারিখে বা তার পূর্বে দাখিল করতে হবে।
4. পাবলিক ই-অকশনে সফল না হওয়া অন্য সমস্ত দরদাতার EMD, পাবলিক ই-অকশন বন্ধ হওয়ার 7 দিনের মধ্যে LTHF দ্বারা ফেরৎ দেওয়া হবে। EMD কোনও সুদ বহন করবে না।
5. সফল ক্রেতা/দরদাতাকে তাঁর/ইহার অফারের 25% (EMD সমেত) মুম্বইয়ে প্রদেয়যোগ্য ''এল অ্যাণ্ড টি ফিন্যান্স হোল্ডিংস লিমিটেডের'' অনুকূলে D.D./P.O পন্থার দ্বারা19/04/2024 তারিখে, সন্ধে 6টার মধ্যে বা পূর্বে জমা দিতে হবে, অর্থা; ই-অকশনের দিন বা পরবর্তী কাজের দিনে অর্থা; 20/04/2024 তারিখে, যে জমারাশি এল অ্যাণ্ড টি ফিন্যান্স হোল্ডিংস লিমিটেড দ্বারা নিশ্চিত হতে হবেই, যেটার ব্যর্থতায় সেল ব্যর্থ হয়েছে বিবেচিত হবে এবং কথিত সফল দরদাতার EMD বাজেয়াপ্ত হয়ে যাবে। অবশিষ্ট অর্থরাশি অর্থা; প্রদেয়যোগ্য ক্রয় মূল্যের 75% ক্রেতার দ্বারা পেড হবে এল অ্যাণ্ড টি ফিন্যান্স হোল্ডিংস লিমিটেডের প্রতি স্থায়ী সম্পত্তির বিক্রীর নিশ্চিতকরণের পনেরো দিনে বা তার পূর্বে বা আইনের বিধান অনুসারে এমন প্রসারিত সময়কালে।
6. সম্পত্তির পরিদর্শন বা অধিক বিবরণের জন্যে, সম্ভাব্য দরদাতাগণ অনুমোদিত আধিকারিকের সঙ্গে যোগাযোগ করতে পারেন, অর্থাৎ ''**নাম - সঞ্জয় বিশ্বাস, সিনিয়ার ম্যানেজার : কালেকশন - পশ্চিমবঙ্গ, এল অ্যাণ্ড টি ফিন্যান্সিয়াল সার্ভিসেস, থানা সৃজন টেক পার্ক, যোগাযোগ : 9831159100 এবং সন্তোষ তিওয়ারি, যোগাযোগ নং: 9920490126, এল অ্যাণ্ড টি ফিন্যান্স লিঃ - কার্যালয় : 6ষ্ঠ তল, বৃন্দাবন বিল্ডিং, প্লট নং: 177, কালিনা, সিএসটি রোড, মার্সিডিজ শোরুমের নিকটে, সান্তাক্রুজ (পূর্ব), মুম্বই - 400 098.** ই-অকশনের যেকোন পর্যায়ে, অনুমোদিত আধিকারিক বিড/অফার গ্রহণ/প্রত্যাখ্যান/কিছুটা পরিবর্তন/বাতিল বা ই-অকশন স্থগিত করতে পারেন উহার কোনও কারণ আরোপ করা ছাড়াই এবং কোনও আগাম বিজ্ঞপ্তি দেওয়া ছাড়াই।
7. সফল ক্রেতা/দরদাতা যেকোন বিধিবদ্ধ বকেয়া, কর, প্রদেয়যোগ্য ফী, ষ্ট্যাম্প ডিউটি, রেজিষ্ট্রেশন ফী ইত্যাদি বহন করবেন, যেটা প্রযোজ্য আইন অনুসারে তাঁর/ইহার অনুকূলে সম্পত্তি হস্তান্তর/প্রদান হওয়া প্রাপ্ত করার উদ্দেশ্যে পেড করা প্রয়োজনীয় হয়।
8. কথিত বাকি-পড়া বকেয়ার জন্যে দায়বদ্ধ ঋণগ্রহীতাশ্গ্যারেন্টার্স, উপরি উল্লেখিত পাবলিক ই-অকশন সেলের হোল্ডিং সম্বন্ধে, সিকিউরিটি ইন্টারেষ্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল 8 (6) অধীনে একটা নোটিস হিসাবে এই সেল নোটিস গণ্য করবেন।
9. ঋণগ্রহীতা(গণ)/সহ-ঋণগ্রহীতা(গণ)/গ্যারেন্টার(গণ)/মর্টগেজর(গণ)'কে এতদ্বারা কথিত ই-অকশন তারিখের পূর্বে উপরে উল্লেখিত মতো বাকি-পড়া বকেয়া সমগ্র লোন পে করতে আহ্বান করা হচ্ছে, যার ব্যর্থতায়, SARFAESI আইন, 2002'য়ে বিন্যস্ত করা বিধান অনুসারে এল অ্যাণ্ড টি ফিন্যান্স হোল্ডিংস লিঃ সম্পত্তি বিক্রী করবে।
10. ঋণগ্রহীতা(গণ)/সহ-ঋণগ্রহীতা(গণ)/গ্যারেন্টার(গণ)/মর্টগেজর(গণ)/সর্বসাধারণকে এতদ্বারা নোটিসে উল্লেখিত সুরক্ষিত সম্পদ, এল অ্যাণ্ড টি ফিন্যান্স হোল্ডিংস লিমিটেডের আগাম লিখিত সম্মতি ছাড়া বিক্রী, লীজ পন্থার দ্বারা বা অন্যথায় হস্তান্তর করা থেকে সংযত করা হচ্ছে।

তারিখ : 13.03.2024
স্থান : কোলকাতা

স্বাক্ষরিত
অনুমোদিত আধিকারিক
এল অ্যাণ্ড টি ফিন্যান্স হোল্ডিংস লিমিটেডের পক্ষে

ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank ইলাহাবাদ ALLAHABAD

জোনাল অফিস : বহরমপুর
২য় তল, গৌর সুন্দর ভবন, পঞ্চাননতলা, বহরমপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ - ৭৪২ ১০১
ইমেল : z184@indianbank.co.in

স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় নোটিশ

পরিশিষ্ট -IV-A [রুল ৮(৬) এবং ৯(১) সংস্থান দ্রষ্টব্য]

২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইন এবং তৎসহ পঠিত ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮(৬) এবং ৯(১) সংস্থান অধীনে স্থাবর সম্পদ বিক্রয় নিমিত্ত ই-নিলাম বিক্রয় নোটিশ।

এতদ্বারা সাধারণের প্রতি সাধারণভাবে এবং ঋণগ্রহীতা এবং জামিনদাতাগণের প্রতি বিশেষভাবে বিজ্ঞাপিত হচ্ছে জামিন অধীনে ঋণদাতার নিকট বন্ধক/দায়বদ্ধ নিম্নোক্ত স্থাবর সম্পত্তি **ইন্ডিয়ান ব্যাঙ্ক, (জামিন অধীনে ঋণদাতা) এর অনুমোদিত অফিসার কর্তৃক প্রতীকী দখলীকৃত এবং 'যেখানে যেমন আছে', 'যেখানে যে অবস্থায় আছে' এবং 'যেখানে যা আছে' ভিত্তিতে ৩০.০৩.২০২৪ তারিখে ইন্ডিয়ান ব্যাঙ্ক, (জামিন অধীনে ঋণদাতা)** নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ)/জামিনদাতা(গণ) কাছ থেকে আদায়ের জন্য বিক্রি করা হবে।
সংশ্লিষ্ট সম্পত্তির বিশেষ বিস্তারিত যা ই-নিলাম মাধ্যমে বিক্রয় প্রক্রিয়াধীন বিস্তারিত নিম্নরূপ :

ক্রম নং	ক) অ্যাকাউন্ট/ঋণগ্রহীতার নাম খ) শাখার নাম	স্থাবর সম্পত্তির বিস্তারিত	জামিন অধীনে ঋণদাতা বকেয়া পরিমাণ	ক) সংরক্ষিত মূল্য খ) ইএমডি পরিমাণ গ) ডাক বর্ধিতকরণ পরিমাণ ঘ) সম্পত্তির আইডি ঙ) সম্পত্তির দায়বদ্ধতা চ) দখলের ধরন
১.	ক) ঋণগ্রহীতা : মেসার্স মাস্টার ব্রিক ফিল্ড স্বত্বা : শ্রী সাহাবুদ্দিন মন্ডল ঋণগ্রহীতা/ স্বত্বাধিকারী : শ্রী সাহাবুদ্দিন মন্ডল পিতা প্রয়াত করিম বকস মন্ডল জামিনদাতা তথা বন্ধকদাতা : শ্রীমতি মমতাজ বেগম স্বামী শ্রী সাহাবুদ্দিন মন্ডল। সকলের ঠিকানা : গ্রাম : সাঁকোয়া, পো : আমতলা, ৫ নং নওদা গ্রাম পঞ্চায়েত অধীন, থানা : নওদা, জেলা : মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন : ৭৪২১২১ খ) বেলডাঙ্গা শাখা	খালি জমি সম্পত্তি অবস্থিত মৌজা : সুরঙ্গপুর, জেএল নং ২৬, প্লট নং ২৩৫০, খতিয়ান নং এলআর ৩৯৭৯, মাস্টারপাড়া, গ্রাম এবং পো : আমতলা,৫ নং নওদা গ্রাম পঞ্চায়েত অধীন,থানা : নওদা,জেলা: মুর্শিদাবাদ, পিন : ৭৪২১২১, পশ্চিমবঙ্গ, এরিয়া : ৫.০০ডেসিমেল, শ্রেণি: ভিটা, উল্লেখ্য রেজিস্ট্রিকৃত বিক্রয় দলিল নং আমতলা, জেলা : মুর্শিদাবাদ, পৃষ্ঠা নং ২৫৯-২৬২, ভল্যুম নং ১১, বুক নং ১, রেজিস্টিকৃত বিক্রয় দলিল নং ১৬৪৫, তারিখ ২৪.০৭.১৯৯৮, রেজিস্ট্রিকৃত -বেলডাঙ্গা, জেলা : মুর্শিদাবাদ, পৃষ্ঠা ৩৭-৪০, ভল্যুম নং ২৩, বুক নং ১। **সম্পত্তি মমতাজ বেগম,** স্বামী সাহাবুদ্দিন মন্ডলের নামে। **চৌহদ্দি :** উত্তরে : আনসার শেখ এর সম্পত্তি, দক্ষিণে : এরশাদ অলির সম্পত্তি, পূর্ব : পঞ্চায়েত সড়ক, পশ্চিমে : পঞ্চায়েত সড়ক সমন্বিত।	৬২,৮৭,৮৪২.২৫ টাকা (বাষট্টি লাখ সাতাশি হাজার আটশ বিয়াল্লিশ টাকা এবং পঁচিশ পয়সা) টাকা (বিবি+এমওআই +এমওএক্স= ৩১,৯৬,৭৭৭.৪৩ টাকা + ৩০,৮৮,১১৪.৮২ টাকা + ২,৯৫০.০০ টাকা) ০৬.০৩.২০২৪ অনুযায়ী এবং পরবর্তী সুদ/চার্জ এবং ব্যয় সহ।	ক) ১০.৮০ লাখ টাকা (*) (দশ লাখ আশি হাজার টাকা) খ) ১.০৮ লাখ টাকা (এক লাখ আট হাজার টাকা) গ) ১০,০০০.০০ (দশ হাজার টাকা) টাকা ঘ) IDIB3016604656 ঙ) ব্যাঙ্কের জ্ঞাত নয় চ) প্রতীকী দখলীকৃত
২	ক) ১. মেসার্স মায়া ডিস্ট্রিবিউটরস স্বত্বাধিকারী : শ্রী অরুণাভ সেন ২. শ্রী অরুণাভ সেন (ঋণগ্রহীতা) পিতা রমেশ চন্দ্র সেন ৩. শ্রীমতি মায়া সেন (জামিনদাতা তথা বন্ধকদাতা) স্বামী রমেশ চন্দ্র সেন ৪. শ্রীমতি মৌসুমী সেন (জামিনদাতা) স্বামী শ্রী অরুণাভ সেন সকলের ঠিকানা : ২৬/১, তমালতলা রোড, ওয়ার্ড নং ০২, পো : নবদ্বীপ, জেলা : নদিয়া, পিন : ৭৪১৩০২, প ব। খ) পশ্চিম মায়াপুর শাখা	সংশ্লিষ্ট সকল অংশ জমি এবং তদস্থিত ভবন জমির পরিমাণ আনুমানিক ০২ ডেসিমেল **শ্রীমতি মায়া সেন** (স্বামী রমেশ চন্দ্র সেন) অবস্থিত জেএল নং ২০, মৌজা: নবদ্বীপ, খ তিয়ান নং আরএস ৪০৫, এলআর ১০৭৬৯, বর্তমান এলআর ১৯৭৮৬। প্লট/আরএস দাগ নং ৩৬৭৪, এলআর ৫৯০১ টাইপ- জমি এবং ভবন, নবদ্বীপ পুরসভার ওয়ার্ড নং ২ অধীন, হোল্ডিং (হাল) ২৬/১, পো : নবদ্বীপ, থানা : নবদ্বীপ, জেলা : নদিয়া, পিন : ৭৪১৩০২, উল্লেখ্য বিক্রয় দলিল নং ১৩৭০-২০০৬, তারিখ ২০.০৩.২০০৬, রেজিস্ট্রিকৃত : এডিএসআরও -নবদ্বীপ, বুক নং ১, ভল্যুম নং ২৮, পৃষ্ঠা ১১৭ থেকে ১২৪। **চৌহদ্দি :** উত্তরে : শ্রীকান্ত দাস এর ভবন, দক্ষিণে: প্রয়াত অমরেশ চন্দ্র সেন এর সম্পত্তি, পূর্বে : তমালতলা রোড, পশ্চিমে : ৩ ফুট চওড়া সাধারণ চলার পথ।	৮২,৭৪,২১৭.২৪ টাকা (বিরাশি লাখ চুয়াত্তর হাজার দুশো সতের টাকা এবং চব্বিশ পয়সা) টাকা (বিবি+এমওআই= ৭১,৭৬, ৭৯২.৩৭ টাকা + ১০,৯৭, ৪২৪.৮৭ টাকা) ০৬.০৩.২০২৪ অনুযায়ী এবং পরবর্তী সুদ/চার্জ এবং ব্যয় সহ।	ক) ২৭.৬৮ লাখ টাকা (*) (সাতাশ লাখ আটষট্টি হাজার টাকা) খ) ২.৭৭ লাখ টাকা (দুই লাখ সাতাত্তর হাজার টাকা) গ) ১০,০০০.০০ (দশ হাজার টাকা) টাকা ঘ) IDIB30150149570 ঙ) ব্যাঙ্কের জ্ঞাত নয় চ) প্রতীকী দখলীকৃত
৩	ক) ঋণগ্রহীতা : মেসার্স এস ডি এন্টারপ্রাইজ স্বত্বা - শ্রী সুরজিৎ চন্দ গ্রাম - সালুয়া কলোনি, সালুয়া কালী মন্দিরের নিকট, পো. এবং থানা - চাকদহ, জেলা - নদিয়া, পিন - ৭৪১২২২, পশ্চিমবঙ্গ ঋণগ্রহীতা/স্বত্বাধিকারী তথা বন্ধকদাতা : শ্রী সুরজিৎ চন্দ, পিতা প্রয়াত সমরেন্দ্র মোহন চন্দ, গ্রাম - সালুয়া কলোনি, সালুয়া কালী মন্দিরের নিকট, পো. এবং থানা - চাকদহ, জেলা - নদিয়া, পিন - ৭৪১২২২, পশ্চিমবঙ্গ জামিনদাতা : শ্রীমতি দুলালি চন্দ স্বামী প্রয়াত সমরেন্দ্র মোহন চন্দ, গ্রাম - সালুয়া কলোনি, সালুয়া কালী মন্দিরের নিকট, পো. এবং থানা - চাকদহ, জেলা - নদিয়া, পিন - ৭৪১২২২, পশ্চিমবঙ্গ খ) চাকদহ শাখা	**সম্পত্তি -১ :** সংশ্লিষ্ট সকল অংশ সম্পত্তি অবস্থিত মৌজা : জয় কৃষ্ণপুর, জেএল নং ৩১, খতিয়ান নং আরএস ২০৪৮ এবং এলআর ১৩৯০/১, ৪৪৫৫, দাগ নং আরএস এবং এলআর ৩৮৬/২২৩২, চাকদহ পুরসভা অধীন, ওয়ার্ড নং ১৯, রেজিস্ট্রিকৃত **শ্রী সুরজিৎ চন্দ-র নামে,** এডিএসআরও-চাকদহ, নদিয়া জেলায়, দলিল নং ১-০১৩৩৭/৩১.০৩.২০০৮, জমির পরিমাণ -৪.৯৫ ডেসিমেল, জ